# যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন উপজেলা কমিটির আগস্ট ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৪/০৮/২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ও অনুমোদিত স্কীম প্যাকেজ নং- e-Tender/Rev/2024-25/W-2 এর প্রাক্কলন ভূতাপেক্ষ অনুমোদনের সুপারিশ সম্পর্কিত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি'র তত্ত্বাবধানে উন্নয়নমূলক সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। তিনি জানান ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ও অনুমোদিত "২নং ভেড়ভেড়ী ইউনিয়নের ২নং ওয়ার্ডে রামকলা বাজারে পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ" শিরোনামের স্কীমটির বাস্তবায়নের অংশ হিসেবে প্রাক্কলনে রামকলা বাজারে ফিস মার্কেট হয়ে মসজিদ রোড নামক স্থানে চিহ্নিত করা আছে। উক্ত স্কীমটি প্যাকেজ নং- e-Tender/Rev/2024-25/W-2 এর আওতাভুক্ত করে টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। নির্বাচিত ঠিকাদার এ স্কীমের প্রাক্কলনে উল্লিখিত অংশে বাস্তবায়নকালে উক্ত এলাকার স্থানীয় উপকারভোগীদের চাহিদা এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সম্মতিক্রমে 'রামকলা বাজারে ফিস মার্কেট হয়ে মসজিদ রোডে ড্রেন নির্মাণের চিহ্নিত অংশের পরিবর্তে একই স্থানে "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত" স্থান চিহ্নিত করে ড্রেন নির্মাণ কাজের প্রস্তাব দেন। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়কে অবহিত করা হলে তিনি বাস্তবতার নিরিখে কাজটি বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। তাঁর নির্দেশনা মোতাবেক একই স্থানে প্রস্তাবিত "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত ড্রেন নির্মাণ" কাজটি শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। প্রস্তাবিত "নাজিম উদ্দিন হোটেল হতে আকাশ ক্লথ স্টোর পর্যন্ত ড্রেন নির্মাণ" চিহ্নিত অংশের প্রাক্কলন পুনরায় প্রস্তুত করা হয়েছে। অক্টোবর ২০২৫ মাসে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের মাসিক সভায় প্রাক্কলনটির ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সুপারিশ করা যেতে পারে।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৮/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
কৃষি ও সেচ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ৪৬.০২.২৭৬০.০৬০.৯৯.০৪৭.২৫- ৮০৬ তারিখ : ১৪/০৮/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম............................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ নুরুল ইসলাম)
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উপজেলা কমিটি
ও
উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
খানসামা, দিনাজপুর।

## পরিশিষ্ট "ক"

তারিখ-১৪/০৮/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | গোলাম মোস্তফা, চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ আবুবকর সিদ্দিক চৌধুরী, চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | মোঃ শরিফুল আলম প্রধান, স্থানীয় বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | মোঃ নূরল হক, নির্বাহী পরিচালক, বিকাশ | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ নুরুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর। | সদস্য-সচিব | |